গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
আদর্শ সদর, কুমিল্লা।

স্মারক নম্বর: উমাশিঅ/সদর/কুম/৬৭৩

০৬/০১/২০২২ খ্রি:

**বিষয়: ২০২১ সালের এইচএসসি/আলিম পরীক্ষার্থীদের কোভিড-১৯ এর ফাইজার ভ্যাকসিন (২য় ডোজ) প্রদানের সময়সূচী ও ভ্যাকসিন গ্রহনের কেন্দ্রের নাম অবহিতকরণ।**

সূত্র: মহাপরিচালক, মাউশি অধিদপ্তর, ঢাকা-এর সাথে ভার্চুয়াল সভার মৌখিক নির্দেশনা, তারিখ : ১২/১১/২০২১ খ্রি.:
সূত্র: মহাপরিচালক, মাশিঅ, ঢাকা মহোদয়ের স্মারক নং ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-৫৫১ তারিখ: ১৮/১২/২০২১খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের এইচএসসি/আলিম পরীক্ষার্থীদের কোভিড-১৯ এর ফাইজান ভ্যাকিসন (২য় ডোজ) দেয়ার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে আদর্শ সদর উপজেলার ২০২১ সালের এইচএসসি/আলিম পরীক্ষার্থীদের ফাইজান ভ্যাকিসন (২য় ডোজ) গ্রহণের সুবিধার্থে সংযুক্ত সিডিউল অনুযায়ী **কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের উচ্চমাধ্যমিক শাখা কেন্দ্রে** শিক্ষার্থীদের শুধুমাত্র (২য় ডোজ) ভ্যাকসিন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। ২০২১ সালের এইচএসসি/আলিম পরীক্ষার্থীদের ভ্যাকসিন দেয়ার জন্য নির্ধারিত তারিখে তাদের প্রথম ডোজ গ্রহণের প্রমাণপত্র রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিসহ আরো (২ কপি ফটোকপি) মোট ৩ কপি সঙ্গে নিয়ে টিকা কেন্দ্রে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

৩। নির্ধারিত সিডিউল অনুযায়ী নির্ধারিত তারিখে ঐ প্রতিষ্ঠানের পরীক্ষার্থী এবং টিকা কেন্দ্রে প্রতিষ্ঠানের ৫ জন শিক্ষকের উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

৪। প্রত্যেক শিক্ষার্থী স্ব স্ব প্রতিষ্ঠানের নির্ধারিত পোশাক পরিধান করে আসতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরিধান করে আসতে হবে।

৫। প্রয়োজনে এ কার্যালয়ের নিম্নোক্ত মোবাইল নম্বরে (০১৮১৮-৬৬২৬৩০, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং ০১৭৩৫-৩৬৫৮৭৬, উপজেলা একাডেমিক সুপারভাইজার) যোগাযোগ করা যেতে পারে।

| ক্র: নং | তারিখ | সময় | প্রতিষ্ঠানের নাম | ২০২১ এইচএসসি/আলিম পরীক্ষার্থী সংখ্যা | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | ১০/০১/২০২২খ্রি: | সকাল ১০.০০-১২.০০টা | কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ | ১২৬৫ | ৩৪৯১ |
| ২ | | দুপুর ১২.০০-২.১৫ টা | কুমিল্লা সরকারি মহিলা কলেজ | ১৩২৮ | |
| ৩ | | দুপুর ২.১৫-৪.০০ টা | কুমিল্লা সরকারি কলেজ | ৮৯৮ | |
| ৪ | ১১/০১/২০২২খ্রি: | সকাল ১০.০০-১১.৩০টা | কুমিল্লা হাউজিং এস্টেট স্কুল এন্ট কলেজ | ১৫৭ | ৩৪০৪ |
| ৫ | | | কুমিল্লা মহিলা মহাবিদ্যালয় | ২২৬ | |
| ৬ | | | আলেকজান মেমোরিয়াল হাই এন্ড কলেজ | ১৪৬ | |
| ৭ | | | কুমিল্লা কালেক্টরেট স্কুল এন্ড কলেজ | ৩০০ | |
| ৮ | | বেলা ১১.৩০- ১.৩০ টা | কুমিল্লা মেট্রেপলিটন কমাস কলেজ | ২০ | |
| ৯ | | | কুমিল্লা অজিতগুহ কলেজ | ৫০৬ | |
| ১০ | | | ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ | ৭০২ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
আদর্শ সদর,কুমিল্লা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১ | | দুপুর ১.৩০-২.৩০ টা | বামইল স্কুল এন্ড কলেজ | ৫১ | |
| ১২ | | | ধনুয়াখলা পাবলিক কলেজ | ১২৯ | |
| ১৩ | | | আনন্দপুর ডিগ্রী কলেজ | ৫৬ | |
| ১৪ | | | ক্যান্টমেন্ট কলেজ | ৩৮০ | |
| ১৫ | | দুপুর ২.৩০-৪.০০ টা | এথনিকা ইংলিশ মিডিয়াম স্কুল এন্ড কলেজ | ১২ | |
| ১৬ | | | কুমিল্লা রেসিডিন্সিয়াল স্কুল এন্ড কলেজ | ৩৯৫ | |
| ১৭ | | | আদর্শ সদর উপজেলাধীন সকল মাদ্রাসার ২০২১ সালের আলিম পরীক্ষার্থী | ৩২৪ | |

প্রাপক
অধ্যক্ষ...................., আদর্শ সদর, কুমিল্লা।

(মোঃ ইকবাল হাছান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
আদর্শ সদর, কুমিল্লা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:
১। জেলা প্রশাসক, কুমিল্লা ।
২। পরিচালক, মাউশি, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
৩। অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা (সার্বিক সহযোগিতার অনুরোধসহ)।
৪। সিভিল সার্জন, কুমিল্লা ।
৫। উপপরিচালক, মাউশি, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
৬। উপজেলা নির্বাহী অফিসার, আদর্শ সদর, কুমিল্লা।
৭। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদর্শ সদর, কুমিল্লা।
৯। অফিস সংরক্ষণ নথি।

(মোঃ ইকবাল হাছান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
আদর্শ সদর, কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০৩.০২৮.০০১.২১- ৫১

তারিখ: ২১ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

# উপবৃত্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ (৩য় বর্ষ, ২য় বর্ষ এবং ১ম বর্ষ) শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের নিকট থেকে উপবৃত্তির আবেদন আহবান করা হচ্ছে।

ক. উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে **http://estipend.pmeat.gov.bd** লিংক-এ প্রবেশ করে অনলাইনে নিবন্ধন করতে হবে;

খ. নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা বর্ণিত ওয়েবসাইটে ব্যবহার নির্দেশিকায় পাওয়া যাবে;

গ. উক্ত সফটওয়্যারে তথ্য এন্ট্রির জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ পূর্বের User ID ও Password ব্যবহার করে অথবা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS সফটওয়্যারের User ID ও Password ব্যবহার করেও লগইন করতে পারবেন;

ঘ. ব্যবহার নির্দেশিকার শর্তাবলি অনুসরণপূর্বক **আগামী ০৯/০১/২০২২ থেকে ১০/০২/২০২২ তারিখ পর্যন্ত সিস্টেম ব্যবহার করে অনলাইনে** শিক্ষার্থীরা আবেদন করতে পারবে;

ঙ. সামগ্রিক প্রক্রিয়া সম্পন্ন করে আগামী ২৮/০২/২০২২ তারিখের মধ্যে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা সিস্টেম ব্যবহার করে অনলাইনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্বাচিত শিক্ষার্থীদের তালিকার কোন হার্ড কপি প্রেরণের প্রয়োজনীয়তা নাই।


০৫.০১.২০২২
(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৯২২০০
ই-মেইল: md@pmeat.gov.bd

**PMEAT: DF-1**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
**উপবৃত্তি শাখা**
বাড়ি নং-৪৪, সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmedutrust.gov.bd, Fax: 02-8191019

১ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে

**স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির আবেদন ফরম-২০১৯**

| শিক্ষাবর্ষঃ ২০১৫-১৬ (৩য় বর্ষ) | ২০১৬-১৭ (২য় বর্ষ) | ২০১৭-১৮ (১ম বর্ষ) | নির্ধারিত শিক্ষাবর্ষে টিক (✓) দিন |
|---|---|---|---|

**[প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য [কলেজ/মাদ্রাসা (প্রতিষ্ঠান কর্তৃক পূরণীয়)]**

প্রতিষ্ঠানের উপবৃত্তি সংক্রান্ত কোড নং:--------------------প্রতিষ্ঠানের নাম:--------------------

ডাকঘর:-------------------- উপজেলা:-------------------- জেলা:--------------------

ফোন: (অফিস): -------------------- মোবাইল নম্বর: --------------------

**[শিক্ষার্থীর তথ্য: স্নাতক (পাস) ও সমমান শ্রেণির (শিক্ষার্থী কর্তৃক পূরণীয়)]**

নাম: -------------------- বৈবাহিক অবস্থা: বিবাহিত/অবিবাহিত

পিতার নাম : --------------------মাতার নাম : --------------------

জন্ম তারিখ : -------------------- শ্রেণি: --------------------রোল নং : --------------------শাখা --------------------

ভর্তির সন : --------------------শিক্ষাবর্ষ : --------------------ঠিকানা/গ্রাম :--------------------

--------------------ডাকঘর :--------------------উপজেলা:--------------------

জেলা: -------------------- পোস্ট কোড :-------------------- মোবাইল নম্বর (আবশ্যকীয়) :--------------------

**(শিক্ষার্থীর এইচ.এস. সি/আলিম/সমমান পরীক্ষা সম্পর্কিত তথ্য)**

শিক্ষা প্রতিষ্ঠানের নাম :--------------------(যে প্রতিষ্ঠান থেকে এইচ.এস.সি/আলিম/সমমান পাশ করেছে)

পাশের বছর :-------------------- রোল নং :-------------------- গ্রুপ :-------------------- বোর্ড :--------------------

রেজিস্ট্রেশন নম্বর :-------------------- শিক্ষাবর্ষ :--------------------জিপিএ (গ্রেড পয়েন্ট) :--------------------

**[অভিভাবকের তথ্য (শিক্ষার্থী/অভিভাবক কর্তৃক পূরণীয়)]**

অভিভাবকের নাম: -------------------- পেশা :--------------------

ঠিকানা (অভিভাবক) গ্রাম : -------------------- ডাকঘর :-------------------- উপজেলা :--------------------

জেলা : -------------------- পোস্ট কোড :-------------------- মোবাইল নম্বর :--------------------

পরিবারের সদস্য সংখ্যা :--------------জন; উপার্জনরত সদস্য সংখ্যা :--------------জন; (ক) পরিবারের মোট ভূমির পরিমাণ :--------------শতক;

কৃষি :--------------শতক; অকৃষি :--------------শতক (খ) বার্ষিক আয় : --------------টাকা; কথায়: --------------টাকা।

**[অভিভাবকের সাথে শিক্ষার্থীর সম্পর্ক (প্রযোজ্য ক্ষেত্রে টিক √ চিহ্ন দিতে হবে)]**

পিতা ☐ মাতা ☐ ভাই ☐ স্বামী ☐ স্ত্রী ☐ অন্যান্য ☐

**কোন ক্যাটাগরিতে আবেদনকারী অগ্রাধিকার পাওয়ার উপযুক্ত : (প্রযোজ্য ক্ষেত্রে টিক √ চিহ্ন দিতে হবে)]**

অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান ☐ প্রতিবন্ধী ☐ এতিম ☐ নদী ভাঙ্গন কবলিত পরিবারের সন্তান ☐ দুঃস্থ পরিবারের সন্তান ☐

শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ

অভিভাবকের স্বাক্ষর ও তারিখ

**আবেদনপত্রটি সঠিক বলে বিবেচিত হলো এবং উল্লিখিত শর্তাবলি অনুসরণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য বাছাই প্রক্রিয়া সম্পন্ন হলো।**

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/মেট্রো লিঁয়াজো অফিসারের স্বাক্ষর ও সীল

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর, নামসহ সিল ও মোবাইল নম্বর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
**উপবৃত্তি শাখা**
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmedutrust.gov.bd, Fax: 02-8191019

# স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির শর্তাবলি

**(আবেদনকারী শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানকে অনুসরণ করতে হবে)**

**উপবৃত্তি প্রদানের উদ্দেশ্য:**

১. ডিগ্রী পর্যায়ে ছাত্র/ছাত্রী ভর্তির হার বৃদ্ধি;
২. ছোট পরিবার গঠনে উৎসাহ প্রদান এবং প্রজনন হার নিয়ন্ত্রণ;
৩. চাকুরির সুযোগ এবং উপার্জন ক্ষমতা বৃদ্ধি;
৪. দারিদ্র্য বিমোচন এবং জেন্ডার সমতা অর্জন; এবং
৫. সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়ন।

১. প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম, অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের সন্তান, নদীভাঙ্গন কবলিত পরিবারের সন্তান এবং দুস্থ পরিবারের সন্তানগণ উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

২. উপবৃত্তি প্রাপ্তির জন্য নির্বাচিত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর অভিভাবকের বার্ষিক আয় মোট ১,০০০০০/- (এক লক্ষ) টাকার কম হতে হবে। অভিভাবক/পিতামাতার মোট জমির পরিমাণ সিটি কর্পোরেশন এলাকায় বসবাসকারী ০.০৫ শতাংশ, পৌরসভা এলাকায় ০.২০ শতাংশ এবং অন্যান্য এলাকায় ০.৭৫ শতাংশের কম জমি থাকতে হবে। সংশ্লিষ্ট এলাকার সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত আয় ও জমির পরিমাণ সম্পর্কিত সনদপত্র যুক্ত করতে হবে।

৩. উপবৃত্তি প্রাপ্তির জন্য নির্বাচিত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীকে স্নাতক (পাস)/সমমান (ফাজিল) পর্যায়ের নিয়মিত শিক্ষার্থী হতে হবে। ২য় বর্ষ এবং ৩য় বর্ষের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর ক্ষেত্রে স্নাতক (পাস)/সমমান (ফাজিল) পর্যায়ের অভ্যন্তরীণ বা নির্বাচনী পরীক্ষায় নিয়মিত শিক্ষার্থী হিসাবে উত্তীর্ণ হতে হবে।

৪. স্নাতক (পাস)/সমমান (ফাজিল) পর্যায়ের প্রথম বর্ষে ভর্তি হওয়ার পর বিরতিহীনভাবে ২য় বর্ষ ও ৩য় বর্ষে অধ্যয়ন করতে হবে এবং স্নাতক (পাস)/সমমান পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, ১ম, ২য়, ৩য় বর্ষের যেকোন বর্ষে পুনঃভর্তি হলে উক্ত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী অনিয়মিত হিসাবে বিবেচিত হবে এবং উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে বিবেচ্য হবে না।

৫. নিয়মিত শিক্ষার্থী হিসেবে শ্রেণিকক্ষে (ক্লাস) কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। এক্ষেত্রে আবশ্যিক বিষয় হিসেবে (বাংলা/ইংরেজি) কাউন্ট করা যেতে পারে।

৬. ছাত্র-ছাত্রীর ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠানের হালনাগাদ জাতীয় বিশ্ববিদ্যালয়/ ইসলামী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি এবং পাঠদানের অনুমতি থাকতে হবে।

৭. প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর আওতায় উপবৃত্তিপ্রাপ্ত প্রত্যেক দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী এর এইচ.এস.সি/সমমান পরীক্ষার মূল মার্কশিট স্নাতক (পাস)/সমমান পর্যায়ের চূড়ান্ত পরীক্ষার সমাপ্তি পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অফিসে জমা রাখতে হবে।

৮. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তি রেজিস্ট্রার, টটলিস্ট, শ্রেণি হাজিরা খাতা, বার্ষিক ও নির্বাচনী পরীক্ষার খাতা এবং ফলাফল বিবরণী/রেজিস্ট্রার ভর্তি ও পরীক্ষার তারিখ থেকে ন্যূনতম ২ (দুই) বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে।

৯. উপবৃত্তিপ্রাপ্ত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের নিকট থেকে কোনরূপ টিউশন ফি গ্রহণ করা যাবে না। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে উপবৃত্তিপ্রাপ্ত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর টিউশন ফি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে।

১০. প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর নির্দেশনা অনুযায়ী উপবৃত্তির জন্য "শিক্ষার্থী নির্বাচনী কমিটি" গঠন করতে হবে। উক্ত শিক্ষার্থী নির্বাচনী কমিটি ট্রাস্ট এর নির্ধারিত শর্ত মোতাবেক শিক্ষার্থী নির্বাচন করে নির্বাচিত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের নাম/শ্রেণি রোল নম্বর উল্লেখপূর্বক একটি রেজুলেশন প্রস্তুত করবেন এবং তা সংরক্ষণ করবেন (শিক্ষার্থী নির্বাচনী কমিটির রেজুলেশন ব্যতিরেকে শিক্ষার্থী নির্বাচন অবৈধ বলে বিবেচিত হবে)।

১১. প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর আওতাভূক্ত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে পরিদর্শন কর্মকর্তাকে ০৭ ও ০৮ নং ক্রমিকে বর্ণিত আনুষঙ্গিক কাগজ পত্র পরীক্ষা ও যাচাই-বাছাই কাজে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে সহযোগিতা করতে হবে।

১২. উপবৃত্তিপ্রাপ্তির জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সাথে চুক্তিবদ্ধ হতে হবে।

১৩. তৃতীয় লিঙ্গধারী সকল শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্য হবে এবং এদের তালিকা পৃথক ভাবে প্রেরণ করতে হবে।

১৪. নির্বাচিত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর উপবৃত্তি ও অন্যান্য ভাতার হার:

| শ্রেণি স্নাতক (পাস) ও সমমান পর্যায় | উপবৃত্তির হার (মাসিক) টাকা | টিউশন ফি (মাসিক) টাকা | বই ক্রয় (বাৎসরিক) টাকা | পরীক্ষার ফিস (বাৎসরিক) টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম বর্ষ | ২০০/- | ৬০/- | ১৫০০/- | ১০০০/- | |
| ২য় বর্ষ | ২০০/- | ৬০/- | ১৫০০/- | ১০০০/- | |
| ৩য় বর্ষ | ২০০/- | ৬০/- | ১৫০০/- | ১০০০/- | |

১৫. শিক্ষার্থী নির্বাচনের জন্য সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে দু'টি কমিটি থাকবে, যথা:

**(ক) সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী নির্বাচন কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | অধ্যক্ষ, সংশ্লিষ্ট কলেজ | সভাপতি |
| ২. | একজন শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| ৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৪. | একজন অভিভাবক প্রতিনিধি (অধ্যক্ষ কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫. | শিক্ষক পরিষদের সম্পাদক | সদস্য সচিব |

**(খ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী নির্বাচন কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | গভর্নিং বডি/ব্যবস্থাপনা পর্ষদের সভাপতি | সভাপতি |
| ২. | শিক্ষকদের মধ্য হতে নির্বাচিত গভর্নিং বডির একজন শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| ৩. | গভর্নিং বডির একজন অভিভাবক প্রতিনিধি (অধ্যক্ষ কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ | সদস্য সচিব |

**১৬. দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী নির্বাচনের নিয়মাবলী:**

**(ক) প্রাথমিক নির্বাচন:**

(১) প্রথমত, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত মোট শিক্ষার্থীর মধ্যে হতে উপরোক্ত শর্তাবলির আলোকে শিক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে মোট আবেদিত ছাত্র এবং ছাত্রীর পৃথক তালিকা প্রস্তুত করতে হবে।

(২) প্রাথমিকভাবে নির্বাচিত ছাত্রী তালিকাকে **১০০%** ধরে তার মধ্যে হতে **৭৫%** ছাত্রীকে উপবৃত্তির জন্য নির্বাচন করতে হবে।

(৩) প্রাথমিকভাবে নির্বাচিত ছাত্র তালিকাকে ১০০% ধরে তার মধ্যে হতে **২৫%** ছাত্রকে উপবৃত্তির জন্য নির্বাচন করতে হবে।
(উদাহরণ: ধরা যাক, উপবৃত্তির জন্য আবেদিত ছাত্রীর সংখ্যা ৪০ জন এবং ছাত্রের সংখ্যা ৫০ জন। শর্তাবলির আলোকে প্রাথমিকভাবে নির্বাচিত ছাত্রীসংখ্যা ৩৫ জন এবং ছাত্রসংখ্যা ৪০ জন। নির্বাচিত ছাত্রীর ৭৫% অর্থাৎ ৩৫×৭৫/১০০=২৬ জন এবং নির্বাচিত ছাত্রের ২৫% অর্থাৎ ৪০×২৫/১০০=১০ জন। মোট উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী হবে ২৬+১০=৩৬ জন)।

**(খ) চূড়ান্ত নির্বাচন:**

(১) দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী নির্বাচন কমিটি উপবৃত্তির জন্য দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী নির্বাচন চূড়ান্ত করবেন এবং নির্বাচিত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের নাম ও শ্রেণি রোল নম্বর, কলেজের নাম চূড়ান্ত করবেন। দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী নির্বাচন কমিটি উপবৃত্তিপ্রাপ্ত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর তালিকা চূড়ান্তভাবে প্রস্তুতকালে একটি রেজুলেশন করবেন। উক্ত রেজুলেশন এর একটি কপিসহ উপবৃত্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট অফিসে প্রেরণ করবেন। উল্লেখ্য যে, রেজুলেশন এর কপি ব্যতিত নির্বাচিত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের তালিকা গ্রহণযোগ্য হবে না।

এ মর্মে ঘোষণা করছি যে, উপরে উদ্ধৃত ট্রাস্ট এর শর্তসমূহ মেনে চলতে বাধ্য থাকব। বর্ণিত তথ্যসমূহ সত্য। প্রদত্ত তথ্যে কোন প্রকার মিথ্যা অথবা ভুল প্রমাণিত হলে কর্তৃপক্ষ প্রদত্ত যেকোনো শাস্তি মেনে নিতে বাধ্য থাকব।